*<u>অতিরিক্ত মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালত</u>*
*আলিপুর , দক্ষিণ ২৪ পরগনা*

*<u>উপস্থিত বিচারক মহাশয়</u> – শ্রী অমিত সরকার ( **<u>J.O. CODE – WB01103)</u>***
অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট **(**আলিপুর**)**

***<u>এম.এক্স:- ১৪১ /২০২১</u>***

*<u>আদেশ দানের তারিখ:- ইংরাজী ১৫/০৭/২০২৬</u>*

S.D.P.O ক্যানিং- কর্তৃক আদালতে Report দাখিলের জন্য মামলার নথিটির তারিখ ধার্য্য আছে ।

দরখাস্তকারিনীর পক্ষে হাজিরা দাখিল করা হয়েছে ।

বক্তব্য শোনা হল ।

নথিভুক্ত দস্তাবেজাদি দেখা হল। বিবেচণা করা হল।

S.D.P.O ক্যানিং আদালতে একটি Report দাখিল করেছেন ; এবং তিনি মামলার প্রতিপক্ষের উপরে প্রেরিত গ্রেপ্তারী পরোয়ানাটি জারী করার জন্য পুনরায় সময় প্রদানের জন্য আদালতের সমীপে প্রার্থনা করেছেন ।

**আদালত S.D.P.O ক্যানিং -র দাখিলী Report -র উপরে আস্থাজ্ঞাপন পুর্বক গ্রেপ্তারী পরোয়ানাটি জারী করার জন্য পুনরায় সময় প্রদানের প্রার্থনাটি মন্জুর করলেন ।**

**আদালত নির্ধারিত পরবর্তী ধার্য্য তারিখে যদি মামলার প্রতিপক্ষের উপরে প্রেরিত গ্রেপ্তারী পরোয়ানাটি জারী না করা হয় - সেই ক্ষেত্রে সমস্ত দায়িত্ববান আধিকারিকবর্গ- কে আদালতে উপস্থিত হবার নির্দেশ প্রদান ব্যতিরেকে আদালতের সমক্ষে অন্য কোনো গত্যন্তর থাকবেনা ।**

*এম.এক্স:- ১৪১ /২০২১*

*(২)*

**ইংরাজী ১৯/০৮/২০২৬ তারিখ গ্রেপ্তারী পরোয়ানা জারীর প্রতিবেদন (E.R of W/A) আদালতে দাখিলের জন্য ধার্য্য করা হল ।**

আদালতের আদেশ রূপায়নের প্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা এবং পদক্ষেপ গ্রহনের জন্য বর্তমান আদেশের একটি প্রতিলিপি S.D.P.O ক্যানিং -কে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হল ।

বর্তমান আদেশের একটি প্রতিলিপি ক্যানিং থানার O.C-কে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হল ।

আদালতের আদেশ অনুসারে লিখিত এবং সংশোধিত

| | |
|---|---|
| অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট<br>আলিপুর | অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট<br>আলিপুর |